

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
(www.moulvibazarsadar.gov.bd)

স্মারক নং গ-০৫.৪৬.৫৮৭৪.০০৪.০১.০০৩.১৯- ৮৫৭(২৫)

তারিখ : ২৪ অক্টোবর, ২০২০ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী বিধিমালা (সংশোধিত), ২০১৬ অনুযায়ী সরকার কর্তৃক নির্ধারিত মাসিক ৭,০০০/- (সাত হাজার) টাকা বেতনে দফাদার এবং মাসিক ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা বেতনে মহল্লাদার পদে মৌলভীবাজার সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের জন্য ০৪ (চার) জন গ্রামপুলিশ(দফাদার/মহল্লাদার) নিয়োগ করা হবে।

ক্রমিক নং	পদের নাম	ইউনিয়ন পরিষদের নাম	ওয়ার্ড নং	পদের সংখ্যা
১.	গ্রামপুলিশ (মহল্লাদার)	০৪ নং আপার কাগাবলা ইউপি	০৯	০১
২.	গ্রামপুলিশ মহল্লাদার)	০৮ নং কনকপুর ইউপি	০২	০১
৩.	গ্রামপুলিশ (দফাদার)	১০নং নাজিরাবাদ ইউপি	০১-০৯	০১
৪.	গ্রামপুলিশ (মহল্লাদার)	১২নং গিয়াসনগর ইউপি	০১	০১
			সর্বমোট মোট =	০৪

শর্তাবলী: আবেদনকারীদের বয়সসীমা ০৭ অক্টোবর, ২০২০ খ্রিঃ তারিখ মধ্যে বয়স ১৮-৩০ এর মধ্যে হতে হবে।

- ১) দফাদার নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হতে অনূন্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২) মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট(জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

গ্রামপুলিশ (মহল্লাদার/দফাদার) পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা:

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :-

- ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি।
- খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)।
- গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

মহিলা প্রার্থীর ক্ষেত্রে :-

- ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট।
- খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।
- গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

আবেদনকারীর প্রয়োজনীয় তথ্যাদি :-

- ক) নাম: খ) পিতা/স্বামীর নাম: গ) মাতার নাম: ঘ) বয়স/জন্মতারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে)
- ঙ) ভোটার আইডি নম্বর : চ) ঠিকানা: স্থায়ী ও বর্তমান ছ) ওয়ার্ড নম্বর:

উল্লিখিত পদের জন্য শূন্যপদের বিপরীতে সংশ্লিষ্ট ওয়ার্ডের অধিবাসীদের অগ্রাধিকার ভিত্তিতে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে স্বহস্তে লেখা দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি যেকোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক সকল প্রমাণপত্রের কপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। আবেদনপত্র আগামী ২৪.১১.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(শরিফুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

০৮৬১-৬৩৭৫৪

E-mail : unomoulvibazar@mopa.gov.bd